

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউপি-১ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০০৩২.২০১৪- ৫৬৪

তারিখ : ২৫ জ্যৈষ্ঠ, ১৪২৩  
০৮ জুন, ২০১৬


বিষয় : দিয়ারা জরিপ সম্পন্ন না হওয়া পর্যন্ত ১০নং লক্ষীপুর মডেল ইউনিয়নের অন্তর্গত ১৩০নং হরিণা মৌজার আয়তন নির্ধারণ সংক্রান্ত গেজেট প্রকাশ বন্ধ রাখা সংক্রান্ত।

সূত্র : ডা. দীপু মনি, এম. পি মাননীয় সংসদ সদস্য, ২৬২, চাঁদপুর-৩, (সদর-হাইমচর) এর আবেদন তারিখঃ ২৪/০৫/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১১ ধারা মোতাবেক নতুন ইউনিয়ন গঠন এবং কোন ইউনিয়ন বা ওয়ার্ডকে একাধিক ইউনিয়ন বা ওয়ার্ডে বিভক্তকরণের এখতিয়ার সংশ্লিষ্ট জেলা প্রশাসকের। এ ছাড়া একই আইনের ধারা ১৩(৮) অনুযায়ী সীমানা নির্ধারণের পর সরকারী গেজেট প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ক্ষমতাবান। উক্ত আইনের ধারা ১৩(৭) অনুযায়ী ইউনিয়ন পরিষদের ওয়ার্ডসমূহের সীমানা নির্ধারণ সংক্রান্ত আপীল কর্তৃপক্ষ সংশ্লিষ্ট জেলা প্রশাসক।

০২। ডা. দীপু মনি, এম. পি মাননীয় সংসদ সদস্য, ২৬২, চাঁদপুর-৩, (সদর-হাইমচর) মহোদয়ের আধাসরকারি পত্রটি এ সংগে প্রেরণ করা হলো। উক্ত আধা-সরকারি পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

  
(মোঃ মাহাবুবুর রহমান)  
উপসচিব  
☎ ৯৫৮৬৬০৫  
Email : lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক  
চাঁদপুর।

অনুলিপি :

০১। ডা. দীপু মনি, এম. পি মাননীয় সংসদ সদস্য, ২৬২, চাঁদপুর-৩, ১/১ মিনিষ্টার্স হোস্টেল, বাংলাদেশ জাতীয় সংসদ ভবন, শেরে বাংলা নগর, ঢাকা-১২২৫।

০২। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।